**জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ**

# ফুয়েল পাস (ওয়েবসাইট সংস্করণ)

(ভোক্তা/যানবাহন মালিকের জন্য)

## ব্যবহার নির্দেশিকা

**জ্বালানি বিতরণ ব্যবস্থাপনা সিস্টেম**

# ১: ফুয়েল পাস সিস্টেম পরিচিতি

Fuel Pass হলো জ্বালানি বিতরণ ব্যবস্থাপনার একটি ডিজিটাল প্ল্যাটফর্ম, যার মাধ্যমে অনুমোদিত একজন যানবহন মালিক নির্ধারিত কোটার মধ্যে জ্বালানি গ্রহণ করতে পারবেন। এই ওয়েব সাইটের মাধ্যমে কেবল নির্দিষ্ট যানবহন মালিক সেবা নিতে পারবেন। সিস্টেমটি নিরাপদ QR কোড, রিয়েল-টাইম কোটা ব্যবস্থাপনা এবং তথ্য যাচাইয়ের মাধ্যমে স্বচ্ছ ও নিয়ন্ত্রিত সরবরাহ নিশ্চিত করার জন্য ব্যবহৃত হবে। এই ব্যবহারকারী নির্দেশিকা বিআরটিএ-তে নিবন্ধনকৃত ব্যক্তিগত যানবহন মালিকদের জন্য প্রস্তুত করা হয়েছে, যাতে নিবন্ধন থেকে শুরু করে ফুয়েল গ্রহণ পর্যন্ত প্রতিটি ধাপ স্পষ্টভাবে অনুসরণ করা যায়।

প্রথমে যানবাহনটির কিছু মৌলিক তথ্য বিআরটিএ কর্তৃক যাচাই করে ব্যবহারকারী তাঁর ব্যবহৃত মোবাইলে নম্বর দিয়ে OTP ভেরিফিকেশনের মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। এরপর তিনি লগইন করে তার ড্যাশবোর্ড দেখতে পাবেন। যানবহন মালিক ড্যাশবোর্ড থেকে কিউআর কোড জেনারেট করার মাধ্যমে জ্বালানি সংগ্রহ করতে পারবেন এবং প্রয়োজনে নতুন কিউআর কোড স্বয়ংক্রিয়ভাবে জেনারেট করতে পারবেন। কিউআর কোডটি বিভিন্ন ফরম্যাটে (PNG ডাউনলোড, JPG ডাউনলোড, PDF ডাউনলোড) ডাউনলোড করতে পারবেন। তিনি সাম্প্রতিক লেনদেন এবং কোন ফুয়েল স্টেশন হতে কত লিটার জ্বালানি নিয়েছেন তা দেখতে পারবেন। স্বয়ংক্রিয়ভাবে জেনারেটকৃত কিউআর কোডের মাধ্যমে ফিলিং স্টেশন থেকে গ্রাহক চাহিদা অনুসারে জ্বালানি বিতরণ নীতিমালার আলোকে জ্বালানি সংগ্রহ করতে পারবেন।

## ১.২ ওয়েবসাইট লিংক


ব্যবহারকারী ওয়েবসাইট থেকে নিম্নোক্ত লিংক ব্যবহার করে ফুয়েল পাস এপ্লিকেশনে প্রবেশ করতে পারবেন।

FuelPass BD
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

www.fuelpass.gov.bd

# ২: এপ্লিকেশন-এ প্রবেশের নিয়ম (গাড়ির মালিকের রেজিস্ট্রেশন)

গাড়ির মালিক/ব্যবহারকারী চিত্রে প্রদর্শিত পেজটি www.fuelpass.gov.bd ওয়েবসাইট থেকে ব্রাউজ করার পর নিম্নের লগইন স্ক্রিন দেখতে পারবেন। প্রথমে ব্যবহারকারীকে বাধ্যতামূলকভাবে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।





চিত্র-১


লগইন পেজের উপরের ডানদিকে অবস্থিত "রেজিস্টার" বাটনে ক্লিক করলে "নাগরিক নিবন্ধন" পেজটি প্রদর্শিত হবে, যা চিত্র-৩-এ দেখানো হয়েছে। এছাড়া, লগইন স্ক্রিন থেকে ব্যবহারকারী ভাষা পরিবর্তন, ব্যবহার নির্দেশিকা এবং হেল্পলাইন-সংক্রান্ত তথ্য পেতে পারবেন।




চিত্র-২




চিত্র-৩




ব্যবহারকারীর যানবাহনটি কোন জোন এবং সিরিজের আওতাভুক্ত তা ড্রপডাউন মেন্যু হতে নির্বাচন করুন। বিআরটিএ হতে নিবন্ধনকৃত যানবাহনের শেষ ৬টি নম্বর এখানে এন্ট্রি করুন

নিবন্ধনকৃত যানবাহনের চেসিস নম্বরের শেষ ৪টি ডিজিট এখানে এন্ট্রি করুন


নিবন্ধনকৃত যানবাহনের ইঞ্জিন নম্বরের শেষ ৪টি ডিজিট এখানে এন্ট্রি করুন

নিবন্ধনকৃত যানবাহনটির তৈরির বছর নির্বাচন করুন

"যানবাহন যাচাই করুন" বাটনে ক্লিক করলে বিআরটিএ ডাটাবেইজ হতে স্বয়ংক্রিয়ভাবে তথ্য যাচাই করা হবে, যদি তথ্য সঠিক না হয় তাহলে প্রচেষ্টাটি বাতিল হয়ে যাবে

চিত্র-৪

যানবাহনের তথ্য যাচাই সম্পন্ন হলে নিবন্ধনকারীর মোবাইল নম্বরে ওটিপি যাচাইকরণের মাধ্যমে নিবন্ধন সম্পন্ন হবে




বিআরটিএ থেকে যানবাহনের নিবন্ধন নম্বর যাচাইয়ের পর গাড়ির মালিকের নামসহ যানবাহনের বিস্তারিত তথ্য স্ক্রিনে প্রদর্শিত হবে


ওটিপি প্রাপ্তির জন্য ব্যবহারকারী তাঁর যেকোনো সচল মোবাইল নম্বর প্রবেশ করাবেন

মোবাইল নম্বর এন্ট্রি করার পর "ওটিপি পাঠান" বাটনে ক্লিক করবেন

"সংরক্ষিত রেজিস্ট্রেশন সেশন মুছে ফেলুন" বাটনে ক্লিক করলে উপরের এন্ট্রিকৃত তথ্য মুছে/বাতিল হয়ে যাবে

চিত্র-৫

ওটিপি যাচাইকরণ সম্পন্ন হলে ব্যবহারকারীর নিম্নোক্ত স্ক্রিনের মাধ্যমে পাসওয়ার্ড এন্ট্রি সম্পন্ন করতে হবে (চিত্র-৬)





ব্যবহারকারীর মোবাইলের মেসেজ অপশন হতে প্রাপ্ত ৬ সংখ্যার ওটিপি নম্বরটি এখানে এন্ট্রি করতে হবে

সংশ্লিষ্ট ওটিপি এন্ট্রি করার পর যাচাইকরণ বাটনে ক্লিক করলে নিবন্ধন সম্পন্ন হবে

চিত্র-৬


ওটিপি যাচাইকরণ সম্পন্ন হলে স্বয়ংক্রিয়ভাবে পাসওয়ার্ড সেটআপ পেজ প্রদর্শিত হবে, যা চিত্র-৭-এ উপস্থাপন করা হয়েছে




চিত্র-৭

# ৩ : এপ্লিকেশন-এ লগইন


নিবন্ধন সম্পন্ন করার পর ব্যবহারকারী স্বয়ংক্রিয়ভাবে লগইন স্ক্রিনে প্রবেশ করবেন। এখান থেকে গাড়ির মালিক তার রেজিস্টারকৃত মোবাইল নম্বর এন্ট্রি করে সংশ্লিষ্ট যানবাহনের তথ্য ও পাসওয়ার্ড এন্ট্রি করে এপ্লিকেশনে প্রবেশ করবেন।




চিত্র-৮

# ৪ : এপ্লিকেশন-এ কার্যক্রম

ব্যবহারকারী এপ্লিকেশন-এ লগইন করার পর চিত্রে হোমপেজ প্রদর্শিত হবে। এখানে সংশ্লিষ্ট গাড়ির তথ্য, জ্বালানির সাপ্তাহিক ও মাসিক কোটার তথ্য, ব্যবহৃত জ্বালানির প্রকৃত তথ্য দেখতে পারবেন। একটি স্ট্যাটিক QR কোড স্বয়ংক্রিয়ভাবে জেনারেট হয়ে থাকবে, যা তিনি ‘পূর্ণ স্ক্রিনে দেখুন’ বাটনে ক্লিক করে দেখতে পারবেন এবং কম্পিউটার/মোবাইলের সেভ করেও রাখতে পারবেন। আবার চাইলে তিনি QR কোড ‘পুনরায় তৈরি করুন’ বাটনে ক্লিক করে রিজেনারেট করতে পারবেন। সেক্ষেত্রে তার পূর্বের QR কোডটি ব্যবহারের অযোগ্য হয়ে যাবে।




চিত্র-৯

১. ওয়েবসাইট লগইন করার পর ড্যাশবোর্ড অপশন থেকে ব্যবহারকারীর নাম, মোবাইল নম্বর, ঠিকানা এবং যানবাহন-সংক্রান্ত তথ্য স্ক্রিনে এই অংশে প্রদর্শিত হবে।

২. নতুন QR কোড তৈরি করতে "QR কোড তৈরি করুন" বাটনে ক্লিক করলে স্বয়ংক্রিয়ভাবে QR কোড তৈরি হবে এবং QR কোডটি ছবি/ইমেজ আকারে সংরক্ষণ করতে "গ্যালারিতে সংরক্ষণ করুন" বাটনে ক্লিক করুন। সংরক্ষিত QR কোডটি পরবর্তীতে পুনরায় ব্যবহার করা যাবে। এছাড়া "বর্তমান QR কোড" বাটনে ক্লিক করলে বর্তমান QR কোড-সংক্রান্ত তথ্য স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শিত হবে। যা চিত্র-১০.১ এবং চিত্র-১০.২-এ দেখানো হয়েছে।


৩. ব্যবহারকারীর যানবাহনের জ্বালানি কোটাভিত্তিক ব্যবহারের তথ্য দৈনিক, সাপ্তাহিক ও মাসিক ভিত্তিতে স্ক্রিনে এই অংশে প্রদর্শিত হবে ।

৪. ব্যবহারকারীর যানবাহনের সর্বশেষ সাত দিনের জ্বালানি ব্যবহারের তথ্য গ্রাফ আকারে প্রদর্শিত হবে।

৫. ব্যবহারকারী তাঁর যানবাহনের এযাবৎকালের সমস্ত জ্বালানি গ্রহণের তথ্য দেখতে পাবেন, যেখানে ফিলিং স্টেশনের নাম, তারিখ, জ্বালানির নাম ও পরিমাণ এবং গৃহীত জ্বালানির মূল্য প্রদর্শিত হবে।





চিত্র-১০.১ (ব্যক্তিগত গাড়ি)




চিত্র-১০.২ (রাইড শেয়ারিং)

# ৫ : ফুয়েল প্রতিবেদন

ওয়েবসাইটে লগইন করার পর ড্যাশবোর্ড অপশন থেকে ব্যবহারকারী "সব লেনদেন" ট্যাবে ক্লিক করলে ব্যবহারকারী এযাবৎকালের সমস্ত জ্বালানি গ্রহণের তথ্য দেখতে পারবেন (চিত্র-১১) ।




চিত্র- ১১

এছাড়া ড্যাশবোর্ড থেকে ব্যবহারকারী জ্বালানির তথ্য, ওয়েবসাইট থিম ও ভাষা পরিবর্তনের অপশন এবং লগ আউট অপশন ব্যবহার করতে পারবেন।

# ধন্যবাদ